



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যান্‌জ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/

২৭০০

তারিখঃ ১৮/০৯/২০১৭খ্রিঃ

বিষয়ঃ উভয় পক্ষের শুনানীর জন্য বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/২৬৭৩; তারিখঃ ০৩/০৮/২০১৭খ্রিঃ
 ২) নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/২৫৭০; তারিখঃ ২৩/০৫/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ নুরুল্লাহকে গত ০৭/০৪/২০১৬খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। তার পরিশ্রেফিকিতে জনাব মোঃ নুরুল্লাহ, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত), গত ২৭/০৩/২০১৭খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্তের প্রতিকার চেয়ে অত্র বোর্ডে একখানা আবেদন এবং বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে একখানা উকিল নোটিশ প্রেরণ করেন। উক্ত আবেদন ও উকিল নোটিশে দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদ্রাসার শিক্ষক জনাব মোঃ লুৎফর রহমান ও গভার্ণিং বডি'র বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের বিষয় উল্লেখ রয়েছে।

২) জনাব মোঃ নুরুল্লাহ, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত) এর আবেদন, উকিল নোটিশ ও দাখিলকৃত দেওয়ানী মোকাদ্দমা নং-১৩১/২০১৬ এর সার্টিফাইড কপিতে দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদ্রাসার শিক্ষক জনাব মোঃ লুৎফর রহমান ও গভার্ণিং বডি'র বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতি (স্থগিতকৃত)-কে পত্র দেয়া হয়।

৩) উক্ত পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতি (স্থগিতকৃত) যে জবাব এবং কাগজপত্র দাখিল করেছেন, তা পর্যালোচনা পূর্বক মতামত প্রদানের জন্য অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট মাদ্রাসা সংক্রান্ত নথিটি প্রেরণ করা হয়। বিজ্ঞ আইন উপদেষ্টা বিস্তারিত পর্যালোচনাতে "বিষয়টি দ্বন্দ্বিক প্রকৃতির হওয়ায় উভয় পক্ষকে জরুরী ভিত্তিতে মুখোমুখি শুনানী করে সিদ্ধান্ত গ্রহণ আবশ্যিক মর্মে মতামত প্রদান করেন।

৪) বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে ১০/০৮/২০১৭খ্রিঃ তারিখে উভয় পক্ষকে বোর্ডে উপস্থিত হওয়ার জন্য সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে সাবেক সভাপতি জনাব এ বি এম শাহজালাল হাওলাদার এবং সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ নুরুল্লাহ উপস্থিত হন। কিন্তু সভাপতি (স্থগিতকৃত), অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও জনাব মোঃ লুৎফর রহমান হাওলাদার, প্রভাষক ও সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ উপস্থিত হননি এবং সময় প্রার্থনা করে একখানা আবেদন বোর্ডে প্রেরণ করেন।

৫) পরবর্তীতে নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/২৬৮৮; তারিখঃ ২০/০৮/২০১৭খ্রিঃ পত্রের প্রেক্ষিতে ০৭/০৯/২০১৭খ্রিঃ তারিখে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ব্যতিত সংশ্লিষ্ট সকলে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ করেন। উক্ত তারিখে সকলের শুনানী সম্পন্ন না হওয়ায় আগামী ২৫/০৯/২০১৭খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সংশ্লিষ্ট সকলকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের উপস্থিতি নিশ্চিতকরণসহ শুনানীতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক আগামী ২৫/০৯/২০১৭খ্রিঃ তারিখে শুনানীতে উপস্থিত না হলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে মর্মে এতদ্বারা জানিয়ে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৮.৯.১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ

১. সভাপতি (স্থগিতকৃত), গভার্ণিং বডি, দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদ্রাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
২. জনাব মোঃ নুরুল্লাহ, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত), দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদ্রাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
৩. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদ্রাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
৪. জনাব এ বি এম শাহজালাল হাওলাদার (সাবেক সভাপতি), গভার্ণিং বডি, দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদ্রাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
৫. জনাব মোঃ লুৎফর রহমান হাওলাদার, প্রভাষক ও সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ, দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদ্রাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।

স্মারক নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/

তারিখঃ /০৯/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, বরিশাল।
- ২। জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
- ৫। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪